

কৃষি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের সড়ক অবরোধ, নিরাপত্তার দাবি

প্রতিনিধি, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়

০৬ জুলাই ২০১৯, ১৭:০২


আপডেট: ০৬ জুলাই ২০১৯, ১৭:৫৮



ক্যাম্পাসে নিরাপত্তার দাবিতে সড়ক অবরোধ করেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। ছবি: প্রথম আলো

ক্যাম্পাসে নিরাপত্তার দাবিতে সড়ক অবরোধ করেছেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। আজ শনিবার সকালে উপাচার্যের বাসভবনের সামনে সড়ক অবরোধ করেন শিক্ষার্থীরা। এ সময় ক্যাম্পাসে নিরাপত্তা নিশ্চিত করতে বেশ কিছু দাবি জানান শিক্ষার্থীরা।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে, গত শুক্রবার বিকেলে ভেটেরিনারি অনুষদের চতুর্থ বর্ষের শিক্ষার্থী সাজাদ প্রাত্ন সাইকেল চালিয়ে বিশ্ববিদ্যালয়ের জিমনেসিয়ামের সামনে দিয়ে যাচ্ছিলেন। এ সময় বেপরোয়াভাবে চলা বহিরাগতদের এক মোটরসাইকেলের ধাক্কায় সাজাদ গুরুতর আহত হন। তাঁর ডান পায়ের হাঁটুর ওপরের হাড় ভেঙে যায় ও বাঁ হাতের হাড়ে ফাটল দেখা দেয়। এতে ক্যাম্পাসে বহিরাগতদের প্রকাশ্যে বেপরোয়া চলাচলের প্রতিবাদে ও শিক্ষার্থীদের নিরাপত্তা নিশ্চিতের দাবিতে আন্দোলন করলেন সাধারণ শিক্ষার্থীরা।



আজ সকালে উপাচার্যের বাসভবনের সামনে এসে জড়ে হন শিক্ষার্থীরা। নিরাপত্তার দাবিতে তাঁরা বিভিন্ন স্লোগান দিতে থাকেন। তাঁরা উপাচার্যের বাসভবনের সামনে প্রধান সড়কটি অবরোধ করে রাখেন। এ সময় আহত সাজাদের চিকিৎসার ব্যয়ভার বিশ্ববিদ্যালয়কে বহন, ক্যাম্পাসের চলাচলের রাস্তাগুলোতে পর্যাপ্ত গতিরোধক বসানো, বহিরাগতদের অবাধ ও বেপরোয়া চলাচল বন্ধ করা, গুরুত্বপূর্ণ সড়ক ও মার্কেটে নিরাপত্তা টহল নিশ্চিত করাসহ বেশ কিছু দাবি করেন ওই শিক্ষার্থীরা।

শিক্ষার্থীরা বলেন, ‘প্রায়ই বহিরাগতদের বেপরোয়া মোটরসাইকেলের ধাক্কায় শিক্ষার্থীদের আহতের ঘটনা ঘটে। বিশ্ববিদ্যালয় প্রশাসন এ বিষয়ে অনেকটাই নিশ্চুপ। আর কত শিক্ষার্থী আহত হলে কিংবা তাঁদের অঙ্গহানি হলে প্রশাসনের টনক নড়বে! ক্যাম্পাসের মতো সংরক্ষিত একটি জায়গায় আমরা নিরাপত্তাইনতায় ভুগতে চাই না।’

আন্দোলন চলাকালে শিক্ষার্থীদের মধ্যে উপস্থিত হন নবানিযুক্ত উপাচার্য লুৎফুল হাসান। শিক্ষার্থীদের উদ্দেশে উপাচার্য বলেন, শিক্ষার্থীদের দাবিগুলো যৌক্তিক। বিশ্ববিদ্যালয় প্রশাসন খুব শিগগির এসব দাবি বাস্তবায়ন করবে। এ সময় তিনি শিক্ষার্থীদের আন্দোলন থেকে সরে যাওয়ার অনুরোধ করেন। পরে উপাচার্যের আশ্বাসে শিক্ষার্থীরা সড়ক অবরোধ তুলে নেন।